বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোনঃ পিএবিএক্স- ৮৮-০২-৮১২৮১৭২, ৮১২৮১৭৪-৭৫, ৮১২৮১৭৭-৭৮
ফ্যাক্সঃ ৮৮-০২-৫৮১৬০২০৩, Web: www.ugc.gov.bd

স্মারক নং- ৬(১৫৮)বিমক/রিসাপা/ইউজিসি স্বর্ণপদক/২০১৮/২৫৪৮

তারিখ ঃ ০৭ চৈত্র ১৪২৫ / ২১ মার্চ ২০১৯

**বিষয় ঃ UGC Gold Medal 2018 প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।**

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/ পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের UGC Gold Medal প্রদান করে আসছে। ২০১৮ সালে প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের UGC Gold Medal 2018 প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে নির্ধারিত ছকে আবেদনপত্র আহ্বান করছে। আগ্রহী প্রার্থীদেরকে (বাংলা ও ইংরেজীতে) অনধিক ২০০ শব্দের মধ্যে জীবন বৃত্তান্তসহ প্রবন্ধের জন্য ০৪ (চার) কপি এবং পুস্তকের জন্য ০৪ (চার) কপি প্রকাশনা আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। যদি পুস্তক এবং প্রবন্ধ যৌথ প্রকাশনা হয়, সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক/প্রধান গবেষক UGC Gold Medal 2018 পাওয়ার যোগ্য মর্মে সহ লেখক/সহ গবেষকদের কাছ থেকে সম্মতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

UGC Gold Medal 2018 প্রদানের জন্য কমিশন প্রণীত নীতিমালা, বিজ্ঞপ্তি, সম্মতিপত্র ও আবেদনপত্রের ছক এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো (ইউজিসির ওয়েব সাইট www.ugc.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে)। সংযুক্ত বিজ্ঞাপনটি আপনার বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষকদের মধ্যে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

সকল আবেদন আগামী ১৫/০৫/২০১৯ ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, প্লট নং-ই- ১৮/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

২১/৩/১৯

প্রকৌশলী মোহাম্মদ মনির উল্লাহ
উপ-পরিচালক
গবেষণা সহায়তা এবং প্রকাশনা বিভাগ
ফোন: ০২-৫৮১৬০২৩৯

Please circulate among teachers
31/03/2019
Heads of Dept. of EEE/CSE/BME

বিতরণ ঃ

১-২০৫। ডীন

ফ্যাকাল্টি অব আর্টস/ সায়েন্স/ 'ল'/ বিজনেস স্টাডিজ/ সোস্যাল সায়েন্সেস/ বায়োলজিক্যাল সায়েন্সেস/ ফার্মাসি/ আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস/ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/ ফাইন আর্টস/ মেডিসিন/ এডুকেশন/ পোষ্টগ্রেজুয়েট মেডিকেল সায়েন্সেস এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ফ্যাকাল্টি অব আর্টস/ সোস্যাল সায়েন্সেস/ সায়েন্স/ ইঞ্জিনিয়ারিং/ লাইফ এন্ড আর্থ/ বিজনেস স্টাডিজ/ 'ল' এন্ড জাস্টিস/ এগ্রিকালচার/ ফাইন আর্টস/ মেডিসিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

ফ্যাকাল্টি অব ভেটেনারি সায়েন্স/ এগ্রিকালচার/ এনিমেল হিস্ট্রি/ এগ্রিকালচার ইকোনমিক্সেন্ড রুরাল সোসিওলজি/ এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/ ফিসারিজ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

ফ্যাকাল্টি অব আর্কিটেকচার এন্ড প্ল্যানিং/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ফ্যাকাল্টি অব আর্টস এন্ড হিউমেনিটিস/ সায়েন্স/ বিজনেস এডমিনিস্ট্রেশন/ সোস্যাল সায়েন্সেস/ 'ল'/ বায়োলজিক্যাল সায়েন্স/ ইঞ্জিনিয়ারিং/ এডুকেশন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

ফ্যাকাল্টি অব আর্টস এন্ড হিউমেনিটিস/ ম্যাথমেটিক্যাল এন্ড ফিজিক্যাল সায়েন্সেস/ সোস্যাল সায়েন্সেস/ বায়োলজিক্যাল সায়েন্সেস/ বিজনেস স্টাডিজ/ 'ল', জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

ফ্যাকাল্টি অব থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ/ হিউমেনিটিস এন্ড সোস্যাল সায়েন্সেস/ 'ল' এন্ড শরীয়াহ্/ বিজনেস এডমিনিস্ট্রেশন/ এপ্লাইড সায়েন্স এন্ড টেকনোলজি, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

ফ্যাকাল্টি অব ফিজিক্যাল সায়েন্সেস/ লাইফ সায়েন্সেস/ এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস/ এপ্লাইড সায়েন্স এন্ড টেকনোলজি/ সোস্যাল সায়েন্সেস/ ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশন/ মেডিক্যাল সায়েন্স, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

ফ্যাকাল্টি অব সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজিস স্কুল/ লাইফ সায়েন্স স্কুল/ ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশন স্কুল/ আর্টস এন্ড হিউমেনিটিস স্কুল/ সোস্যাল সায়েন্সেস স্কুল/ ইন্সটিটিউট অব ফাইন আর্টস, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

ফ্যাকাল্টি অব স্কুল অব আন্ডারগ্রেজুয়েট স্টাডিজ/ সেন্টার ফর পোষ্টগ্রেজুয়েট স্টাডিজ ট্রেনিং এন্ড রিসার্চ/ সেন্টার ফর কারিকুলাম ডেভেলপমেন্ট এন্ড ইভোলিউশন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফ্যাকাল্টি অব ওপেন স্কুল/ স্কুল অব সোস্যাল সায়েন্সেস, হিউমেনিটিস এন্ড ল্যাঙ্গুয়েজ/ স্কুল অব এডুকেশন/ স্কুল অব বিজনেস/ স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট/ স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফ্যাকাল্টি অব মেডিসিন/ সার্জারী/ বেসিক সায়েন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সায়েন্স/ ডেন্টিস্ট্রি/ নার্সিং/ মেডিকেল টেকনোলজি/ প্রিভেনটিভ এন্ড সোস্যাল মিডিসিন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ফ্যাকাল্টি অব গ্রেজুয়েট স্টাডিজ/ এগ্রিকালচার/ ফিসারিজ/ ভেটেনারি মেডিসিন এন্ড এ্যানিমেল সায়েন্স/ এগ্রিকালচারাল ইকোনমিক্স এন্ড রুরাল

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd

নথি নং- ৬(১৫৮)বিমক/রিসাপা/ইউজিসি স্বর্ণপদক-২০১৮/ তারিখ ঃ ১৮-০৩-২০১৯ খ্রিঃ

## ইউজিসি স্বর্ণপদক ২০১৮ এর জন্য দরখাস্ত আহ্বান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর মৌলিক গবেষণামূলক প্রবন্ধ, পাঠ্যপুস্তক/গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য দেশের বিশ্ববিদ্যালয়সমূহের (পাবলিক ও প্রাইভেট) শিক্ষকদের UGC Gold Medal প্রদান করে আসছে। ২০১৮ সালে প্রকাশিত মৌলিক গবেষণা ভিত্তিক প্রবন্ধ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যপুস্তক ও গবেষণামূলক/পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকদের UGC Gold Medal প্রদানের লক্ষ্যে নির্ধারিত প্রোফর্মায় আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদেরকে (বাংলা ও ইংরেজিতে) অনধিক ২০০ শব্দের মধ্যে জীবন বৃত্তান্তসহ প্রবন্ধের জন্য ৪ কপি এবং পুস্তকের জন্য ৪ কপি প্রকাশনা আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। যদি পুস্তক এবং প্রবন্ধ যৌথ প্রকাশনা হয় সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক/প্রধান গবেষকই UGC Gold Medal 2018 পাওয়ার যোগ্য হবেন মর্মে সহলেখক/সহগবেষকদের কাছ থেকে সম্মতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। সকল আবেদনপত্র যথযথ কর্তৃপক্ষের মাধ্যমে ১৫-০৫-২০১৯ তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, প্লট নং-ই-১৮/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ ঠিকানায় পৌঁছাতে হবে।

উল্লেখ্য যে, UGC Gold Medal 2018 প্রদানের জন্য কমিশন প্রণীত নীতিমালা, বিজ্ঞপ্তি, সম্মতিপত্র ও আবেদনপত্রের ছক ইউজিসির ওয়েব সাইট www.ugc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

১৮/৩/১৯

মোঃ ওমর ফারুখ
পরিচালক (চলতি দায়িত্ব)
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ফোনঃ +৮৮-০২-৫৮১৬০২০৮

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
**রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd

ছবি

ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদনপত্রের ফরম/প্রোফর্মা
(প্রয়োজনে অতিরিক্ত শীট ব্যবহার করা যাবে)

১. আবেদনকারীর নাম — বাংলায় :
ইংরেজিতে :
পদবী :
বিভাগ :

২. বিশ্ববিদ্যালয়ের নাম :

৩. প্রবন্ধের ক্ষেত্রে :

ক. প্রবন্ধটি কোথায়, কবে, কোন বিশ্ববিদ্যালয় থেকে, কোন জার্নালে এবং কোন প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত হয়েছে তার (ওয়েব সাইট, ফোন নম্বর, ই-মেইল, ফ্যাক্স, হালনাগাদ ইমপ্যাক্ট ফ্যাক্টর ও উদ্ধৃতি ইত্যাদি) বিবরণ দিতে হবে।

খ. অন-লাইন প্রকাশনা গ্রহণযোগ্য নয়।

৪. প্রকাশনার শিরোনাম (প্রবন্ধ) :

৫. জার্নালের নাম :

৬. প্রকাশনা সংস্থার নাম ও ঠিকানা (দেশের নাম উল্লেখপূর্বক) :

৭. প্রকাশনার ধরণ (Online/Print) :

৮. প্রকাশনার তারিখ (মাস ও সন উল্লেখ করুন) :

৯. Impact Factor (যদি থাকে) :

১০. ভলিউম নম্বর/ইস্যু নম্বর/আইএসএসএন (যদি থাকে) :

১১. যৌথ প্রকাশনার ক্ষেত্রে অন্যান্য লেখকের নাম (প্রত্যেকের সম্মতিপত্র সংযুক্ত করতে হবে) :

১২. প্রবন্ধের ক্ষেত্রে পাশের কোন শাখায় স্বর্ণপদক এর জন্য বিবেচিত হবে (যে কোন একটিতে টিক চিহ্ন দিন) : কলা/চারুকলা/আইন ও শিক্ষা/সামাজিক বিজ্ঞান/বিজনেস/স্টাডিজ/ জীববিজ্ঞান/ বন, কৃষি ও পরিবেশ বিজ্ঞান/ভৌত বিজ্ঞান/গাণিতিক/ প্রকৌশল ও প্রযুক্তি/চিকিৎসা বিজ্ঞান/ ফার্মাসিউটিক্যাল/স্থাপত্য ও পরিকল্পনা

১৩. পুস্তকের ক্ষেত্রে পাশের কোন শাখায় বিবেচিত হবে (যে কোন একটিতে টিক চিহ্ন দিন) : টেক্সট/গবেষণামূলক বা পর্যালোচনামূলক

১৪. প্রকাশনার শিরোনাম (পুস্তক) :

১৫. পাঠ্য পুস্তকের ক্ষেত্রে :

ক. পুস্তকটি দেশের কোন কোন বিশ্ববিদ্যালয়ে পড়ানো হচ্ছে তার একটি তালিকা আবেদনকারীকে প্রমাণপত্রসহ দাখিল করতে হবে।

খ. কোন রি-প্রিন্ট গ্রহণযোগ্য হবে না। যে বছর ইউজিসি স্বর্ণপদক প্রদান করার জন্য আবেদন আহবান করা হবে পুস্তকের প্রকাশনা কাল সে বছরের হতে হবে।

গ. পুস্তকের আইএসবিএন সংযোজন করতে হবে।

১৬। কোন প্রতিষ্ঠানে গবেষণা কর্ম সম্পাদিত হয়েছে : তার নাম ও ঠিকানা

১৭। ডিগ্রি অর্জনের জন্য গবেষণা কর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তক ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

ক. পিএইচ.ডি গবেষণা শিরোনাম :

খ. ডিগ্রি অর্জনের সময়কাল :

গ. তত্ত্বাবধায়কের নাম ও ঠিকানা :

১৮. সকল আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনার তালিকা যথাযথ রেফারেন্সসহ আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৯. চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ দাখিল করতে হবে।

২০. স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের পোর্ট ফলিও জমা দিতে হবে।

২১. আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক ২০০) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন বৃত্তান্তের হার্ড এবং সফট কপি (বাংলা ও ইংরেজিতে) এবং সাম্প্রতিক কালের তোলা ২ কপি রঙ্গিন ছবিসহ জমা দিতে হবে।

২২. অনধিক ১৫০ শব্দের মধ্যে প্রকাশনার সারসংক্ষেপের হার্ড এবং সফট কপি (বাংলা ও ইংরেজিতে) জমা দিতে হবে।

২৩. আপনি ইতোপূর্বে ইউজিসি স্বর্ণপদক পেয়ে থাকলে : কোন সালে, কোন শাখার জন্য

২৪. ঘোষণা: আমি এই মর্মে ঘোষণা করছি যে ইউজিসি স্বর্ণপদক ২০১৮ এর জন্য দারিখকৃত গবেষণা প্রবন্ধ/পুস্তকটি বা তার বিষয়বস্তু কোন ডিগ্রি অর্জনের জন্য ব্যবহৃত থিসিস এর অংশ নয়।

আবেদনকারীর স্বাক্ষর

মোবাইল নম্বর :

ই-মেইল :

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

## ইউজিসি স্বর্ণপদক প্রদান নীতিমালা

০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত মৌলিক ও গবেষণা ভিত্তিক প্রবন্ধ এবং পুস্তকের জন্য প্রতি বছর একবার নিম্নোক্ত বিভাগ/শাখায় নির্দিষ্ট সংখ্যক ইউজিসি স্বর্ণপদক প্রদান করা হবে।

১। পুস্তক বিভাগ :

(ক) যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্য পুস্তকের জন্য ২টি

(খ) যে কোন বিষয়ে উচ্চশিক্ষা সম্পর্কিত গবেষণামূলক/পর্যালোচনামূলক পুস্তকের জন্য ১টি

২। খ্যাতিসম্পন্ন জার্নালে প্রকাশিত Peer Reviewed প্রবন্ধের জন্য নিম্নোক্ত বিভিন্ন শাখায় মোট ২০টি :

| | |
|---|---|
| (১) কলা | : ১টি |
| (২) চারুকলা | : ১টি |
| (৩) আইন ও শিক্ষা | : ১টি |
| (৪) সামাজিক বিজ্ঞান | : ২টি |
| (৫) বিজনেস স্টাডিজ | : ১টি |
| (৬) জীববিজ্ঞান | : ৩টি |
| (৭) বন, কৃষি ও পরিবেশ বিজ্ঞান | : ২টি |
| (৮) ভৌত বিজ্ঞান | : ২টি |
| (৯) গাণিতিক | : ১টি |
| (১০) প্রকৌশল ও প্রযুক্তি | : ২টি |
| (১১) চিকিৎসা বিজ্ঞান | : ২টি |
| (১২) ফার্মাসিউটিক্যাল | : ১টি |
| (১৩) স্থাপত্য ও পরিকল্পনা | : ১টি |

৩। পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষক ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। তাঁকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্ধারিত প্রোফর্মায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ হবে।

৫। পুস্তকের জন্য ৪ কপি এবং প্রবন্ধের জন্য প্রকাশনার সফট কপিসহ ৪ কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬। শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং Review Article (পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক) স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

৭। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণাকর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। ডিগ্রি অর্জনের জন্য গবেষণা কর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তক ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

৯। যৌথ প্রকাশনার ক্ষেত্রে কেবল মাত্র প্রধান গবেষক Co-authorদের সম্মতিসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।

১০। একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১. সকল আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনার তালিকা যথাযথ রেফারেন্সহ আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২. ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদনকারী এই স্বর্ণপদক সংক্রান্ত কোনো কর্মকান্ডের সঙ্গে সংশ্লিষ্ট হতে পারবেন না।

১৩. আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক ১৫০) শব্দের মধ্যে প্রকাশনার সারসংক্ষেপের হার্ড এবং সফ্‌ট কপি (বাংলা ও ইংরেজিতে) জমা দিতে হবে।

১৪. চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ দাখিল করতে হবে।

১৫. স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের পোর্ট ফলিও জমা দিতে হবে।

১৬. দু'জন বিশেষজ্ঞের প্রদত্ত নম্বরের পার্থক্য যদি ২০ এর অধিক হয় তবে তা বিশেষজ্ঞের মতামত নিতে হবে। সেক্ষেত্রে ৩য় বিশেষজ্ঞ প্রদত্ত নম্বরের কাছাকাছি।

১৭। একজন আবেদনকারী সর্বোচ্চ ২ (দুই) বার ইউজিসি স্বর্ণপদক এর জন্য বিবেচিত হতে পারে।

১৮। উপদেষ্টা কমিটি আবেদনপত্রসমূহ মূল্যায়নের নিমিত্ত প্রতিটি শাখার জন্য ৩ থেকে ৫ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করবেন। উপ-কমিটি প্রয়োজনে অনধিক দু'জন সদস্য কো-অপট করতে পারবেন।

১৯। ইউজিসি স্বর্ণপদক Advisory কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বিবেচিত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট উপ-কমিটিতে প্রেরণ করা হবে। উপ-কমিটির আহবায়কগণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইউজিসি-তে সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবেন।

২০। প্রতিটি উপ-কমিটি নিজ নিজ শাখার জন্য একটি আলাদা মেধা তালিকা প্রণয়ন করে পরবর্তী Advisory কমিটিতে উপস্থাপন করবেন। Advisory কমিটি প্রতিটি শাখার বিজয়ী চূড়ান্ত করবেন।

২১. আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক ২০০) শব্দের মধ্যে একডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন বৃত্তান্তের হার্ড এবং সফ্‌ট কপি (বাংলা ও ইংরেজিতে) এবং সাম্প্রতিক কালের তোলা ২ কপি রঙ্গিন ছবিসহ জমা দিতে হবে।

২২। কোন বছর কোন বিভাগ/শাখায় উপযুক্ত মানের প্রকাশনা পাওয়া না গেলে সে বিভাগ/শাখায় স্বর্ণপদক প্রদান করা হবে না।

২৩. পাঠ্য পুস্তকের ক্ষেত্রে:

ক. পুস্তকটি দেশের কোন কোন বিশ্ববিদ্যালয়ে পড়ানো হচ্ছে তার একটি তালিকা আবেদনকারীকে প্রমাণপত্রসহ দাখিল করতে হবে।

খ. কোন রি-প্রিন্ট গ্রহণযোগ্য হবে না। যে বছর ইউজিসি স্বর্ণপদক প্রদান করার জন্য আবেদন আহবান করা হবে পুস্তকের প্রকাশনা কাল সে বছরের হতে হবে।

২৪. প্রবন্ধের ক্ষেত্রে:

ক. প্রবন্ধটি কোথায়, কবে, কোন বিশ্ববিদ্যালয় থেকে, কোন জার্নালে এবং কোন প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত হয়েছে তার (ওয়েব সাইট, ফোন, ই-মেইল, ফ্যাক্স, হালনাগাদ ইমপ্যাক্ট ফ্যাক্টর ও উদ্ধৃতি ইত্যাদি) বিবরণ দিতে হবে।

খ. অন-লাইন প্রকাশনা গ্রহণযোগ্য নয়।

২৫। প্রবন্ধের জন্য প্রত্যেক স্বর্ণপদক প্রাপ্তকে নগদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং পুস্তকের জন্য ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা প্রদান করা হবে। তাছাড়াও প্রত্যেক স্বর্ণপদক প্রাপ্তকে ২২ ক্যারট মানের ১০ গ্রাম (আনুমানিক) খাঁটি স্বর্ণ সম্বলিত একটি স্বর্ণপদক প্রদান করা হবে।

২৬। ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে উপদেষ্টা কমিটি যে কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত

মোঃ ওমর ফারুখ
অতিরিক্ত পরিচালক
গবেষণা সহায়ক ও প্রকাশনা বিভাগ
এবং
সদস্য-সচিব
ইউজিসি স্বর্ণপদক প্রদান নীতিমালা কমিটি ২০১৮

স্বাক্ষরিত

প্রফেসর ড. দিল আফরোজা বেগম
সদস্য, ইউজিসি
এবং
আহবায়ক
ইউজিসি স্বর্ণপদক প্রদান নীতিমালা কমিটি ২০১৮

*D: Harun (RS&P)/UGC Gold Medal Neetimala 2018*

সোনালী মিডিয়াস বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ঢাকা।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭।

## সম্মতিপত্র

এই মর্মে আমি সম্মতি প্রদান করছি যে, UGC Gold Medal 2018 এর জন্য দাখিলকৃত গবেষণা পুস্তক/প্রবন্ধ বা তার বিষয়বস্তু কোন ডিগ্রি অর্জনের নিমিত্তে ব্যবহৃত থিসিস এর অংশ নয়। প্রবন্ধ ও পুস্তকটি যৌথভাবে প্রকাশিত হলেও সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক/প্রধান গবেষকই (Main Author/Researcher) UGC Gold Medal 2018 পাওয়ার যোগ্য হবেন।

প্রধান লেখক/প্রধান গবেষক UGC Gold Medal 2018 প্রাপ্ত হলে সহলেখক/সহগবেষক হিসেবে প্রধান লেখক/প্রধান গবেষকের উপর আমার কোন আপত্তি নেই; বরং আমি ধন্যবাদের সহিত (UGC Gold Medal 2018) পাওয়ার জন্য) সম্মতি প্রদান করছি।

স্বাক্ষর ও তারিখ ঃ

পূর্ণ নাম (বাংলায়) ঃ

ইংরেজিতে ঃ

পদবী ঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

ফোন/মোবাইল নম্বর ঃ

ই-মেইল ঃ

সম্মতি প্রদানকারীর স্বাক্ষর ঃ

তারিখ ঃ

*D:\Harun (RS&P)/UGC Gold Medal Samattipatra 2018*